**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**17 MARCH 2025** **7:35 AM IST**

==================================================================

বড়ো ভূমির যুব সম্প্রদায় বর্তমানে উন্নয়নকে অগ্রাধিকার দিচ্ছে কিন্তু একটা সময় বড়োভূমি হিংসা জর্জরিত অঞ্চল হিসেবে পরিচিত ছিল । গতকাল কোকরাঝারের দোতমায় নিখিল বড়ো ছাত্র সংস্থার ৫৭ তম বার্ষিক অধিবেশনে অংশগ্রহন করে মুখ্য অতিথি হিসেবে উপস্থিত থেকে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ একথা বলেন ।
কেন্দ্রীয় সরকার বড়ো চুক্তির সব দফা রুপায়ন করতে প্রতিশ্রুতিবদ্ধ বলেও স্বরাষ্ট্রমন্ত্রী জানান ।
মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা বি টি আর অঞ্চলের শৈক্ষিক পরিকাঠামো ত্বরান্বিত করার জন্য বেশ কিছু প্রকল্পের কথাও ঘোষনা করেন ।

---

আসাম বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে গতকাল বিশ্ববিদ্যালয়ে উত্তর-কাছাড় পার্বত্য অঞ্চলের স্বাধীনতা সংগ্রামী বীর শম্ভুধন ফাংলোর ১৭৫তম জন্ম বার্ষিকী যথাযোগ্য মর্য্যাদায় পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে রাজ্যের শিক্ষামন্ত্রী

ডক্টর রনোজ পেগু বিশ্ববিদ্যালয় প্রাঙ্গনে স্বাধীনতা সংগ্রামী শম্ভুধন ফাংলোর একটি প্রতিমূর্ত্তির উন্মোচন করেন । পরে বিপিন চন্দ্র পাল সভাকক্ষে আয়োজিত সভায় বক্তব্য রাখতে গিয়ে শিক্ষামন্ত্রী ডক্টর পেগু বলেন যে ব্রিটিশ ঔপনিবেশিক শাসনের বিরুদ্ধে শম্ভুধন ফাংলোর অবিচল সংগ্রাম আমাদের চিরকাল অনুপ্রানিত করবে । শিক্ষামন্ত্রী আরো বলেন যে সরকারের লক্ষ্য জনজাতি নেতাদের অবদান সংরক্ষন করা এবং তাদের ঐতিহ্যকে ভবিষ্যৎ প্রজন্মের পথ প্রদর্শক হিসেবে তুলে ধরা । শিক্ষামন্ত্রী আসাম বিশ্ববিদ্যালয়ে একটি জাদুঘর স্থাপনের কথা জানান যাতে রাজ্যের আদিবাসী জনগোষ্টীর সমৃদ্ধ সংস্কৃতি ও ঐতিহ্যের  সংরক্ষনাগার করা হবে ।

**শিক্ষামন্ত্রী ডক্টর পেগু বলেন ---- বাইট**

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে রাজ্যের খাদ্য ,গণবন্টন ,  বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই বলেন যে ইতিহাসের উপেক্ষিত বীরদের আত্মত্যাগ ও অবদান সংরক্ষন করা ভবিষ্যৎ প্রজন্মের মধ্যে গর্ব ও আত্ম-পরিচয়ের অনুভূতি সৃষ্টিতে সহায়ক হবে ।

---

রাজ্যের পশু ও পশুপালন বিভাগের মন্ত্রী তথা হাইলাকান্দি জেলার অভিবাবক মন্ত্রী কৃষ্ণেন্দু পাল আজ একদিনের সফরে হাইলাকান্দি আসছেন । এই সফরকালে মন্ত্রী শ্রীপাল জেলা আয়ুক্তের কার্য্যলয়ে  একটি পর্য্যলোচনা বৈঠকে মিলিত হবেন এবং এরপর শ্রীভূমি চলে যাবেন ।

---

শিলচর রামকৃষ্ণ মিশন সেবাশ্রমে আজ বিশেষ পূজো ও যজ্ঞ অনুষ্ঠিত হবে এবং আগামীকাল নতুন মন্দিরের দ্বারোদঘাটন করা হবে ।

গতকাল বিকেলে আশ্রম প্রাঙ্গনে বিশেষ  ধর্মসভার আয়োজন করা হয় । উল্লেখ্য শিলচর রামকৃষ্ণ মিশন সেবাশ্রমের শতবর্ষ উদযাপন উৎসব গতকাল  বিশাল বর্ণাঢ্য শোভাযাত্রার মধ্য দিয়ে শুরু হয়েছে ।

---

আসাম পুলিশের কনষ্টেবল ও সমপর্যায়ের পদগুলির জন্য লিখিত পরীক্ষা আগামী ২৩ শে মার্চের পরিবর্তে ৬ ই এপ্রিল অনুষ্ঠিত হবে ।আসাম পুলিশের রাজ্য পর্যায়ের নিযুক্তি পর্ষদ আজ এক বিজ্ঞপ্তীর মাধ্যমে একথা ঘোষনা করেন । প্রশাসনিক কারনে পরীক্ষার দিন পরিবর্তন করা হয়েছে বলে পর্ষদ জানান । লিখিত পরীক্ষায় অবতীর্ন হোয়ার জন্য যোগ্য প্রার্থীরা পয়লা এপ্রিল সকাল ১১ টা থেকে প্রবেশপত্রগুলি ডাউনলোড করতে পারবে ।

---

হাইলাকান্দি পৌরসভার বোর্ড মিটিং আজ অনুষ্ঠিত হবে । এই সভায় হাইলাকান্দি পৌরসভার সভাপতি ও সহ-সভাপতির নাম চূড়ান্ত করা হবে । সভায় জেলার অভিবাবক মন্ত্রী কৃষ্ণেন্দু পাল, সাংসদ কৃপানাথ মালা সহ পৌরসভার ১৬ জন কমিশনার উপস্থিত থাকবেন ।

---

শ্রীভুমি জেলার লাঠিরগ্রামে গতকাল বাল্যবিবাহ প্রতিরোধের উপর একটি সচেতনতা সভা অনুষ্ঠিত হয়েছে । নিলামবাজার থানা লেভেল কমিটির সভাপতি অভিজিৎ রায়ের পৌরহিত্যের আয়োজিত সভায় বর্তমান রাজ্য সরকারের মহিলা সবলীকরনের উপর গ্রহন করা পদক্ষেপ এবং বাল্য বিবাহ

প্রতিরোধের বিষয় নিয়ে আলোচনা করা হয়েছে । এছাড়া সভায় সমাজে বাল্যবিবাহের কুফল নিয়ে বিশদে আলোচনা করেন ডক্টর কোরান আলী ।

---

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং শালগঙ্গার ব্রজদিত্য সেবা সংস্থার সহযোগীতায় আজ মাঝাইরগ্রাম বাগান হাসপাতালে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল ১০টায় শুরু হবে ।

---